# PSC Miscellaneous Exam. – Practice Set

## Answer with Explanation

1. (a) তিতুমিরের আসল নাম হল মির নিশার আলি। তিনি বাঁশের কেল্লা তৈরি করে ব্রিটিশদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন। অ্যাচিভার্স

2. (b) ব্রিটিশ ভারতের অন্যতম বৃহৎ বিদ্রোহ হল কৃষক বিদ্রোহ। চুয়াড়রা হলেন মেদিনীপুর, বাঁকুড়া, সিংভূম, মানভূম, ধলভূম এলাকায় এরা বসবাস করতেন। চুয়াড় বিদ্রোহ প্রথম শুরু হয়েছিল ধলভূমে।

3. (d) সংবিধানের ৩৬০নং ধারা অনুসারে রাষ্ট্রপতি ভারতে আর্থিক জরুরি অবস্থা জারি করতে পারেন।

4. (a) রাষ্ট্রপতির জারি করা অর্ডিন্যান্সের মেয়াদ হল ৬ মাস এবং ৬ সপ্তাহ। সংবিধানের ১২৩নং ধারা অনুযায়ী এই অর্ডিন্যান্স জারি করা হয়ে থাকে। অ্যাচিভার্স

5. (a) রাজ্যের নিয়মতান্ত্রিক প্রধান হলেন রাজ্যপাল। রাষ্ট্রপতি পাঁচ বছরের মেয়াদে রাজপালকে নিয়োগ করে থাকেন।

6. (c) লোকসভার বর্তমান স্পিকার হলেন ওম বিড়লা। লোকসভার নির্বাচিত সাংসদের মধ্য থেকে একজনকে স্পিকার হিসাবে নিয়োগ করা হয়ে থাকে। তিনি লোকসভার কার্য পরিচালনা করে থাকেন।

7. (a) 'নাসিক প্রশস্তি'(শিলালিপি)-তে সাতবাহন বংশের রাজা গৌতমীপুত্র সাতকর্ণী'র কীর্তিকাহিনী বর্ণিত আছে।

8. (d) সম্প্রতি শ্রীলঙ্কার অরবিন্দ ডি সিলভা, ভারতের মহিলা ক্রিকেটার ডায়না এফ এডুলজি এবং ভারতের অপর কিংবদন্তী ক্রিকেটার বীরেন্দ্র সহবাগ ২০২৩ সালে আইসিসি হল অপ ফেম সম্মানে ভুষিত হয়েছেন। অ্যাচিভার্স

9. (b) ১৮৫৭ খ্রিস্টাব্দের ২৪ জানুয়ারি কলকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল। বর্তমানে ১৫১টি কলেজ এবং ১৬টি উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠান এই বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত।

10. (b) 'পথের দাবি' উপন্যাসটি লিখেছেন অপরাজেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। উপন্যাসটিতে স্বদেশপ্রেমের পরিচয় পাওয়া যায়। ১৯২৬ সালে প্রথম এই উপন্যাসটি প্রকাশিত হয়েছিল।

11. (b) বিন্দুসার 'অমিত্রাঘাত' উপাধি গ্রহণ করেছিলেন। তিনি ২৯৮ খ্রীষ্টপূর্বাব্দে সিংহাসন গ্রহণ করেছিলেন। অ্যাচিভার্স

12. (c) বাংলার প্রথম গভর্নর-জেনারেল ছিলেন লর্ড ওয়ারেন হেস্টিংস (১৭৭২-১৭৮৫)।

**বিঃ দ্রঃ-** প্রশ্নে ভারতের প্রথম গভর্নর জেনারেলের কথা বলা হয়েছে। ওটা ভারতের জায়গায় বাংলার হবে। ভারতের প্রথম গভর্নর জেনারেল হলেন লর্ড বেন্টিঙ্ক।

13. (d) লর্ড কর্নওয়ালিশ প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তে —নির্দিষ্ট খাজনার বিনিময়ে জমিদারগণ বংশানুক্রমে জমির মালিকানা ভোগ করত। অ্যাচিভার্স

14. (c) নিউট্রন হল এক অতিপারমানবিক কণা। এর কোনো বৈদ্যুতিক আধান নাই। নিউট্রনের আবিষ্কারক হলেন স্যাডউইক।

15. (a) 'বাংলার নানাসাহেব' বলা হত রামরতন মল্লিককে।

16. (d) সম্প্রতি ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি এজেন্সি (IAEA) নামক সংস্থা 'ওপেন ডেটা প্লাটফর্ম' চালু করেছে।

17. (a) পাশ্চাত্য শিক্ষানীতির অঙ্গ হিসেবে ইনফিলট্রেশন থিয়োরিতে বলা হয়—পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত ব্যক্তির মধ্য দিয়ে ইংরেজি শিক্ষা পরিস্রুত হয়ে সমাজের অন্যদের মধ্যে ছড়িয়ে পড়ে।

18. (d) ইলেকট্রনের আধানের মান হল— $4.8 \times 10^{-10}$ e.s.u আধান। এটি একটি ঋণাত্বক তড়িৎ আধান কণা। এর আবিষ্কারক হলেন জে জে থমসন। অ্যাচিভার্স

19. (d) ভারতে পর্তুগীজ শক্তির কেন্দ্র ছিল গোয়াতে। পর্তুগীজ নাবিক ভাস্কো ডা গামা ১৪৯৮ সালে ভারতের কালিকট বন্দরে পৌঁছেছিলেন।

20. (b) 'তক্ষশীলা' বিখ্যাত ছিল গান্ধার শিল্পের জন্য। গ্রিক ও রোমান শিল্পরীতির সমন্বয়ে এই শিল্পরীতি গড়ে উঠছিল। কুষাণরা এর প্রধান পৃষ্ঠপোষক ছিলেন।

21. (c) মারাঠা নেতা প্রথম বাজীরাও মারাঠাদের সামনে হিন্দু সাম্রাজ্য প্রতিষ্ঠার আদর্শ তুলে ধরেছিলেন। তিনি হিন্দু পাদ-পাদশাহি উপাধি ধারণ করেছিলেন। অ্যাচিভার্স

22. (a) 'নীল বিদ্রোহ' নিয়ে নিয়মিত আলোকপাত করা হত হিন্দু পেট্রিয়ট পত্রিকায়।

23. (b) পৃথিবীতে সারা বিশ্বজুড়ে ৫ জুন 'পরিবেশ দিবস' পালিত হয়।

24. (c) সম্প্রতি প্রয়াত সুব্রত রায় 'সাহারা ইন্ডিয়া পরিবার' গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ছিলেন। তিনি 'সাহারাশ্রী' নামে অধিক পরিচিত ছিলেন।

25. (a) ডায়নামোতে যান্ত্রিক শক্তি তড়িৎ শক্তিতে শক্তির রূপান্তর হয়। অ্যাচিভার্স

26. (b) ইংরেজরা ১৭৬৫ খ্রিঃ মুঘল সম্রাট শাহ আলমের কাছ থেকে বাংলা-বিহার-উড়িষ্যার দেওয়ানি লাভ করেছিল।

27. (b) ক্রান্তীয় শুষ্ক পর্ণমোচী অরণ্য ভারতের বেশিরভাগ স্থান জুড়ে আছে।

28. (a) বলটারো হিমবাহ কারাকোরাম পর্বতশ্রেণীতে অবস্থিত। এর মোট দৈর্ঘ্য ৬৩ কিলোমিটার।

29. (a) পশ্চিমবঙ্গ ৮৫°৫০′পূঃ - ৮৯°৫০′ পূঃ দ্রাঘিমা রেখার মধ্যে অবস্থিত।

30. (b) জারোয়া সম্প্রদায়ের মানুষরা আন্দামান দ্বীপপুঞ্জে বসবাস করে থাকে।

31. (a) সিঙ্কোনা চাষ প্রধানত পশ্চিবঙ্গের মংপু ও মুংসংতে হয়ে থাকে।

32. (a) ১৬ নভেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল 'ইউএন ইন্টারনাশনাল ডে অফ টলারেন্স'। ১৯৯৭ সালে প্রথম এই দিবসটি পালিত হয়েছিল।

33. (b) চার্নোকাইট হল মণিশিলা।

34. (a) ভারতের নাগরিকত্ব আইন প্রণীত হয় ১৯৫৫ খ্রিস্টাব্দে।

35. (a) ছোটনাগপুর মালভূমি প্রাচীন আগ্নেয়শিলা ও রূপান্তরিত শিলা দ্বারা গঠিত। এই মালভূমিটি ঝাড়খণ্ড, বিহার, পশ্চিমবঙ্গ, ওড়িশা ও ছত্তিশগড় রাজ্যজুড়ে বিস্তৃত। এই মালভূমিটির বেশিরভাগ গ্রানাইট ও নিস শিলা দ্বারা গঠিত।

36. (c) মূল্যযুক্ত কর আরোপিত হয় কোন দ্রব্যের—উৎপাদনের প্রতিটি স্তরে মোট যে মূল্য যুক্ত হয় তার উপর।

37. (d) জন্মের সময় থেকে দশ বছর বয়স পর্যন্ত 'সুকন্যা সমৃদ্ধি' যোজনার জন্য অ্যাকাউন্ট খোলা যায়। সাধারণত কন্যা সন্তানের আইনি অভিভাবকরা এই অ্যাকাউন্ট খুলতে পারেন।

38. (b) UPSC সদস্যদের কার্যকালের মেয়াদ হল ৬ বছর। বর্তমানে ইউপিএসসি'র সদস্য হিসাবে নিযুক্ত আছেন চেয়ারম্যানসহ মোট ৭জন। বর্তমানে চেয়ারম্যান হিসাবে নিযুক্ত আছেন ডক্টর মনোজ সোনি।

39. (a) উদ্ভিদদেহে ট্রপিক চলন নিয়ন্ত্রণকারী হরমোনটির নাম অক্সিন।

40. (b) সম্প্রতি প্রয়াত পদ্মনাভ আচার্য ২০১৪-২০১৯ পর্যন্ত নাগাল্যান্ড রাজ্যের রাজ্যপাল হিসাবে দায়িত্ব পালন করেছেন।

41. (b) ফণীমনসার কণ্টকগুলি হল অঙ্গসংস্থানিকভাবে পাতা।

42. (b) গোবর গ্যাসে আছে মিথেন। এটি একটি রাসায়নিক যৌগ, যার রাসায়নিক সংকেত হল-$CH_4$।

43. (a) মরচে ধরার ফলে লোহার দণ্ডের ওজন বাড়ে। লোহা উদ্বায়ী হয়।

44. (a) ভারতে বিশেষ অর্থনৈতিক অঞ্চল গঠনের মূল লক্ষ্য হল- কিছু করমুক্ত বিশেষ উন্নত কেন্দ্র তৈরি করা মুখ্যত রপ্তানিক্ষেত্রকে প্রসারিত করার জন্য।

45. (b) বৈদ্যুতিক ফিউজ তারের গলনাঙ্ক খুব কম হয়ে থাকে।

46. (c) বঙ্গভঙ্গ প্রত্যাহৃত হয় ১৯১১ সালে। লর্ড কার্জন ১৯০৫ সালে বঙ্গভঙ্গ কার্যকরী করেছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুর বঙ্গভঙ্গের প্রতিবাদে রাখিবন্ধন উৎসব আয়োজন করেছিল।

47. (a) ১৮৫৭ সালের মহাবিদ্রোহের সময় ভারতের গভর্নর জেনারেল ছিলেন লর্ড ক্যানিং।

48. (d) জিও ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেডের পরিচালন বোর্ডের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন ঈশা আম্বানি, অংশুমান ঠাকুর এবং হিতেশ কুমার সেথিয়া।

49. (a) পরিকল্পনার অর্থসংস্থানে টাকার যোগান বাড়বে- কর রাজস্ব বাড়লে।

50. (c) দিল্লির সুলতানি সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা হলেন ইলতুৎমিস। তিনি ১২১১-১২৩৬ সাল অবধি দিল্লির সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন।

51. (b) বায়ু মাধ্যমে শব্দ তরঙ্গ হল একধরনের অনুদৈর্ঘ্য তরঙ্গ।

52. (c) ভারতীয় সংবিধান অনুযায়ী শিক্ষা যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত বিষয়।

53. (b) কোনো বস্তুর তাপমাত্রা 1K বাড়ালে প্রয়োজনীয় তাপকে বলা হয়—তাপগ্রাহিতা।

54. (d) লবঙ্গ আহরণ করা হয় কোন ফুলের মুকুল থেকে।

55. (b) 'টোপোগ্রাফিক্যাল ম্যাপ অফ ইন্ডিয়া' সার্ভে অফ ইন্ডিয়া নামক সংস্থা তৈরি করে থাকে। সার্ভে অফ ইন্ডিয়া ১৭৬৭ সালে তৈরি হয়েছিল। এর সদর কার্যালয় দেরাদুনে অবস্থিত।

56. (d) সম্প্রতি বিশিষ্ট পাঞ্জাবী সাহিত্যিক দীপ্তি বাবুটা পাঞ্জাব সাহিত্যে অসামান্য অবদানের জন্য ধাহান প্রাইজে ভূষিত হলেন। তাঁর লেখা 'Hunger Breathes Like This' নামক গ্রন্থের জন্য তিনি এই সম্মানে ভূষিত হয়েছেন।

57. (c) 'এল নিনো' হল একপ্রকার সামুদ্রিক ঘটনাবলী। 'এল নিনো' হল গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের সামুদ্রিক পর্যায়বৃত্ত পরিবর্তন।

58. (a) গাজর-এর মূলের চিহ্নিতকরণ বৈশিষ্ট্য হল- শাঙ্কবাকৃতি ও ক্ষুদ্র মূল।

59. (a) 'ইন্ডিয়া' উইনস ফ্রিডম' গ্রন্থটির রচয়িতা হলেন-মৌলানা আবুল কালাম আজাদ। মৌলানা আবুল কালাম আজাদ হলেন স্বাধীন ভারতের প্রথম শিক্ষা মন্ত্রী।

60. (d) এলাহাবাদ প্রশস্তি হরিসেনের রচনা। এতে সমুদ্রগুপ্তের রাজত্বকাল ও শাসনকার্য বিষয়ে জানা যায়।

61. (b) টোডরমল' ছিলেন আকবরের রাজসভার একজন রাজস্ব বিষয়ক বিশেষজ্ঞ।

62. (a) 'আলিগড় আন্দোলন' শুরু করেছিলেন সৈয়দ আহমেদ খান। আধুনিক শিক্ষা ব্যবস্থায় মুসলিমদের সামিল করার জন্য তিনি এই আন্দোলন শুরু করেছিলেন।

63. (b) রাজা রামমোহন রায়কে বলা হয় ভারতীয় রেনেসাঁসের ভোরের শুকতারা।

64. (c) সম্প্রতি কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্কের ডিরেক্টর, ম্যানেজিং ডিরেক্টর এবং চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নির্বাচিত হলেন অশোক ভাসানি। তিনি ২০২৪ সালের ১ জানুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে এই পদের দায়িত্ব গ্রহণ করবেন।

65. (c) পশ্চিমবঙ্গে অবস্থিত চিত্তরঞ্জন শহরে গড়ে উঠেছে- লোকোমোটিভ কারখানা।

66. (b) সালোকসংশ্লেষে আলোক দশা সম্পন্ন হয় ক্লোরোপ্লাস্টের গ্রানা অঞ্চলে। সালোকসংশ্লেষের অপর দশা হল অন্ধকার দশা, যা সম্পন্ন হয়ে থাকে ক্লোরোপ্লাস্টের স্ট্রোমা অঞ্চলে।

67. (b) হ্যাভারশিয়ান তন্ত্র অস্থি'র অংশবিশেষ।

অ্যাচিভার্স

68. (b) শাল এক ধরনের পর্ণমোচী গাছ। শাল গাছের আদি নিবাস হল দক্ষিণ এশিয়ার দেশগুলোতে। এর উচ্চতা ৩০-৩৫ মিটার হয়ে থাকে।

69. (b) চেঙ্গিস খাঁ 1221 খ্রিঃ ভারত আক্রমণ করেছিল। তিনি একজন মোঙ্গল নেতা।

70. (c) সংবিধান সভার সভাপতি ছিলেন রাজেন্দ্র প্রসাদ। তিনি স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি।

71. (d) 'স্কুলবুক সোসাইটি' প্রতিষ্ঠা করেন ডেভিড হেয়ার। এটি ১৮১৭ সালে প্রতিষ্ঠিত হয়েছিল।

72. (b) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট ঐতিহাসিক, সাহিত্যিক ব্রিজেন্দ্রনাথ গোস্বামী ২০০৮ সালে সাহিত্য ও শিক্ষা ক্ষেত্রে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন। তিনি ১৯৯৮ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন।

অ্যাচিভার্স

73. (c) ভারতে তুলা চাষের পক্ষে সবচেয়ে উপযোগী অঞ্চল হল—দাক্ষিণাত্যের লাভা গঠিত অঞ্চল।

74. (c) জৈব সার হিসেবে ব্যবহৃত হয় এমন দুটি ব্যাকটেরিয়া হল—রাইজোবিয়াম ও অ্যাজোটোব্যাকটার।

75. (c) সম্প্রতি প্রয়াত ডেম অন্টানিও সুশান ব্যাট তাঁর লেখা 'Possession : A Romance' নামক গ্রন্থের জন্য ১৯৯০ সালে বুকার প্রাইজে ভূষিত হয়েছেন।

76. (a) 3600 = 6 × 6 × 10 × 10; সুতরাং, প্রদত্ত সংখ্যাটিকে ক্ষুদ্রতম 6 × 10 বা 60 দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণঘন রাশি হবে।

অ্যাচিভার্স

77. (c) নির্ণেয় ভগ্নাংশ $=\dfrac{2\frac{1}{5}}{7\frac{2}{9}}=\dfrac{\frac{11}{5}}{\frac{65}{9}}=\dfrac{11}{5}\times\dfrac{9}{65}=\dfrac{99}{325}$

78. (d) প্রথম ছাড় দেওয়ার পর ঘড়িটির মূল্য

$=\left(160\times\dfrac{90}{100}\right)=144$ টাকা

অর্থাৎ, দ্বিতীয় ছাড় = (144 – 122.40) = 21.60 টাকা

অ্যাচিভার্স

দ্বিতীয় ছাড়ের হার $=\left(21.60\times\dfrac{100}{144}\right)=15\%$

79. (b) নবম সংখ্যা $= 9(51+36)-17\times45=783-765=18$

80. (c) বিক্রয়মূল্যের ওপর ক্ষতি

$=\left(\dfrac{10}{100-10}\times100\right)\%=\left(\dfrac{10}{90}\times100\right)\%=11\dfrac{1}{9}\%$

81. (d) প্রথম ব্যক্তি 3x টাকা ও দ্বিতীয় ব্যক্তি 5x টাকা পেলে, 5x – 3x = 20; বা, 2x = 20; ∴ x = 10

∴ মোট টাকার পরিমাণ = (3x+5x) = 8x

= 8×10 = 80 টাকা।

অ্যাচিভার্স

82. (c) নির্ণেয় লাভের হার $=\left(\dfrac{1000-950}{950}\right)\times100=5\dfrac{5}{19}\%$

83. (d) নির্ণেয় সুদের হার $=100\div7\dfrac{1}{2}=13\dfrac{1}{3}\%$

84. (d) A : B : C = 3 : 4 : 5, সুতরাং, মোট লাভ x টাকা হলে,

A পায় $=x\times\dfrac{3}{3+4+5}=\dfrac{3x}{12}$ টাকা এবং

C পায় $=x\times\dfrac{5}{3+4+5}=\dfrac{5x}{12}$ টাকা

অ্যাচিভার্স

$\therefore\ \dfrac{5x}{12}-\dfrac{3x}{12}=200$ বা, $x=200\times\dfrac{12}{2}=1200$ টাকা।

85. (a) x একক দার্জিলিং চায়ের সঙ্গে y একক আসাম চা মেশানো হলে,

$\left(\dfrac{3x}{10}+\dfrac{2y}{7}\right):\left(\dfrac{7x}{10}+\dfrac{5y}{7}\right)=5:12$

বা, $\dfrac{21x+20y}{49x+50y}=\dfrac{5}{12}$

বা, $252x-245x = 250y-240y$

বা, $7x = 10y$ ∴ $x:y = 10:7$

86. (a) $8^3+9^3-7^3=512+729-343=1241-343 = 898$

87. (a) 0.75 = a ও 0.25 = b হলে,

অ্যাচিভার্স

$a^2 + 2ab + b^2$

$= (a + b)^2 = (0.75 + 0.25)^2$

$= (1.00)^2 = 1$

88. (b) $\dfrac{1}{3}+\dfrac{1}{2}+\dfrac{1}{x}=4$ বা, $\dfrac{1}{x}=4-\dfrac{1}{3}-\dfrac{1}{2}$

বা, $\dfrac{1}{x}=\dfrac{24-2-3}{6}$ বা, $\dfrac{1}{x}=\dfrac{19}{6}$ $\therefore x=\dfrac{6}{19}$

89. (a) বাবা + 4 সন্তান = 14 × 5 = 70 বছর এবং

মা + 4 সন্তান = 12 × 5 = 60 বছর

মায়ের বয়স 35 বছর হওয়ায় 4 সন্তানের বয়স

= 60 – 35 = 25 বছর

∴ বাবার বয়স = 70 – 25 = 45 বছর

অ্যাচিভার্স

90. (d) আসলের $6\left(4\dfrac{1}{2}-4\right)\%$ বা, 3% = 21 টাকা

∴ আসল (100%) = 700 টাকা

91. (a) বিদ্যালয়ে ছাত্র $=\left(504\times\frac{13}{24}\right)=273$ জন এবং
ছাত্রী = (504 – 273) = 231 জন
12 জন ছাত্রী চলে গেলে ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত হয়
273 : (231 – 12) = 273 : 219 = 91 : 73

92. (b) বিজয়ী প্রার্থী পায় মোট ভোটের $(100-20)\times 70\% = 56\%$
∴ পরাজিত প্রার্থী পায় = (80 – 56) = 24%
অর্থাৎ, মোট ভোটারের (56 – 24)% বা, 32% = 4960
∴ মোট ভোটার $(100\%) = 4960\times\frac{100}{32} = 15,500$

93. (a) (7 – 5) = 2 বছরের সুদ, = (2208 – 1920)
বা, 288 টাকা হলে 5 বছরের সুদ $= 288\times\frac{5}{2} = 720$ টাকা
অর্থাৎ, আসল = (1920 – 720) টাকা = 1200 টাকা
∴ নির্ণেয় সুদের হার $=\left(\frac{288\times 100}{1200\times 2}\right)=12\%$

94. (b) A ও B একত্রে 2 দিনে করে $\frac{2}{3}$ অংশ কাজ।
∵ A একা অবশিষ্ট $\left(1-\frac{2}{3}\right)=\frac{1}{3}$ অংশ কাজ করে 2 দিনে।
∴ A একা সম্পূর্ণ কাজ করে = 2 × 3 = 6 দিনে।
∴ B একা কাজটি করতে পারে $=\frac{6\times 3}{6-3}=6$ দিনে।

95. (c) ধরি, সংখ্যাটি x
$x^2+\frac{x}{4}=147$ বা, $x^2+\frac{x}{4}=\left(12^2+\frac{12}{4}\right)\therefore x=12$

96. (a) পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা = 99999

```
     9 99 99 | 316
     9
  61 | 99
     | 61
 626 | 3899
     | 3756
        143
```

∴ নির্ণেয় পূর্ণবর্গ সংখ্যা = (99999–143) = 99856

97. (c) $\frac{(6+6+6+6)\div 6}{4+4+4+4+4\div 4}=\frac{24\div 6}{4+4+4+4+1}=\frac{4}{13}$

98. (a) $35.255\div 0.5=\frac{35.255}{0.5}=\frac{35255}{500}=70.51$
[লব ও হরে দশমিকের পরে 0 বসিয়ে অঙ্কসংখ্যা মিলিয়ে দশমিক তুলে দেওয়া হয়েছে]

99. (d) $1\frac{3}{4}+5\frac{1}{3}+3\frac{2}{5}=(1+5+3)+\left(\frac{3}{4}+\frac{1}{3}+\frac{2}{5}\right)$
$=9+\left(\frac{45+20+24}{60}\right)$
$=9+\frac{89}{60}=9+1\frac{29}{60}=(9+1)+\frac{29}{60}=10\frac{29}{60}$

100.(c) $3\frac{3}{4}\div 2\frac{1}{2}\times 4\frac{1}{2}+1\frac{3}{4}=\frac{15}{4}\div\frac{5}{2}\times\frac{9}{2}+\frac{7}{4}$
$=\frac{15}{4}\times\frac{2}{5}\times\frac{9}{2}+\frac{7}{4}=\frac{27}{4}+\frac{7}{4}=\frac{34}{4}=\frac{17}{2}=8\frac{1}{2}$

★★★